# দেবহাটা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির জুন/২০২১ মাসের সভার কার্যবিবরণী
## উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দেবহাটা, সাতক্ষীরা।

Phone no : 0473272236. Email :debhata@.uhfpo.dghs.gov.bd

সভাপতি ঃ- জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
তারিখ ঃ- ১০/০৬/২০২১ খ্রিঃ, রোজ বৃহস্পতিবার।
সময় ঃ- সকাল ১০:৩০ ঘটিকা।
অংশ গ্রহনকারী ঃ- সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের নামের তালিকা পৃথক নথিতে লিপিবদ্ধ।

পবিত্র কুরআন থেকে তেলোয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয়ের সভাপতিত্বে জুন/২০২১ মিটিং এ বিগত মাসে অনুষ্ঠিতব্য স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটির মিটিং এর রেজুলেশন পাঠ এবং সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতি ক্রমে গৃহীত হয়।

**আলোচ্য বিষয়সমূহ ঃ-**

১। পূর্ববতী সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন ।
২। কোভিড-১৯ মহামারী মোকাবেলায় অংশগ্রহনকারী সকল চিকিৎসক, নার্স ও অন্যান্য সকলের দায়িত্ব পালন।
৩। হাসপাতালের সকল বিভাগের স্বাভাবিক চিকিৎসা সেবা প্রদান চালিয়ে যাওয়া।
৪। দেবহাটা উপজেলায় সুরক্ষা এ্যাপ-এ রেজিষ্ট্রেশনকৃত ব্যক্তিদের কোভিড ১ম ডোজ ভ্যাকসিন গ্রহনের জন্য উদ্বুদ্ধ করন ।
৫। স্বাস্থ্য কমপ্লেক্সের পরিস্কার-পরিচ্ছন্নতা রক্ষা করা বিষয়ে আলোচনা।
৬। বিবিধ।

**সভায় উপরোল্লিখিত বিষয় গুলোর উপর বিস্তারিত আলোচনা ও নিন্ম লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।**

| আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| মহামারী করোনা মোকাবেলায় দায়িত্ব পালন | সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয়- মহামারী করোনার মধ্যে সুস্থ্য থেকে সকলে মিটিং হাজির হতে পারার জন্য মহান সৃষ্টিকর্তার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।তিনি আন্তরিকতার সাথে প্রকাশ করেন যে, আমরা সকলে সচেতন, স্বাস্থ্য বিধি মেনে চলার কারনে হয়তোবা সৃষ্টিকর্তা আমাদের কে করোনা নামক মহামারীর ছোবল থেকে রক্ষা করেছেন। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ডাঃ মোঃ আব্দুল লতিফ- সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন পূর্বক কোভিড-১৯ রোগী সনাক্ত করন, স্যাম্পল সংগ্রহ,সংরক্ষণ ও প্রেরন ও রিপোর্ট প্রাপ্তির বিষয়ে বিস্তর আলোচন করেন। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন, কোভিড-১৯ ব্যবস্থাপনার ক্ষেত্রে ১ম সারির কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ সরাসরি কোভিড রোগীর সংস্পর্শে থেকে রোগী সনাক্ত ও স্যাম্পল প্রেরন,তথ্য সংগ্রহ,সংরক্ষণ করে থাকেন। কাজেই কোভিড-১৯ রোগীর চিকিৎসা সেবা প্রদান ও রোগী ব্যবস্থাপনার জন্য জরুরী প্রশিক্ষণ প্রয়োজন। বর্তমান পর্যন্ত দেবহাটা উপজেলায় মোট ১৫৮৭ জনের কোভিড-১৯ স্যাম্পল কালেকশন করা হয়েছে। ৪৭৩ জন পজেটিভ এবং তারা বর্তমান সম্পূর্ণ সুস্থ্য ও ০৭ জন মৃত্যু বরন করেছেন (অন্যান্য-হাসপাতালে)। কোভিড রোগী সনাক্ত করনের জন্য জনগনকে নমুনা পরীক্ষার জন্য অবহিত করা হচ্ছে। এজন্য সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানের পাশাপাশি উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদসহ সকল সরকারী,আধা-সরকারী, স্বায়ত্ব শাসিত,ব্যক্তিগত সকল প্রতিষ্ঠান জনগনকে অবহিত করছেন। | নির্বাহী অফিসার, দেবহাটা উপজেলা ও সভাপতি, স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি |
| শ্রমিক ও দিনমজুরদের স্বাস্থ্য সচেতনতা বিয়য়ে অবহিত করন | সভাপতি জনাব জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা মহোদয়ের দৃষ্টি আকর্ষণ পূর্বক উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন- দেবহাটা উপজেলার অনেক শ্রমিক ও দিনমজুর বাহিরের জেলায় অবস্থান করেন। শ্রমিকদের মধ্যে অনেকে ইট-ভাটায় কাজ করেন। তারা “কোভিড-১৯” একটি মহামারী রোগ এ বিষয়ে সচেতন নয়। এই মহামারী প্রতিরোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনসহ নিরাপদ ও সামাজিক দূরত্ব বজায় রেখে কাজ করার জন্য এই সকল শ্রমিকদের অবহিত করন ও সামাজিক দূরত্ব বজায় রেখে কাজ করার পরামর্শ প্রদান করা হচ্ছে। | উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও সকল স্বাস্থ্য প্রতিষ্ঠান |

| | | |
|---|---|---|
| সুরক্ষা এ্যাপ- এ পঁচিশোর্দ্ধ বয়সীদের রেজিষ্ট্রেশন ও ডোজ টিকা গ্রহনে উদ্বুদ্ধ করন | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন পূর্বক বলেন- কোভিড-১৯ রোগের প্রতিশেধক টিকা গ্রহনের জন্য পঁচিশোদ্ধ সকলকে রেজিষ্ট্রেশন করতে হবে। বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক সুরক্ষা- এ্যাপ চালু করা হয়েছে। বর্তমান পঁচিশোদ্ধ বয়সি ব্যক্তিরাই এই এ্যাপ ব্যাবহার করে রেজিষ্ট্রেশন করতে পারবেন। রেজিষ্ট্রেশনকৃত ব্যক্তিদের কে কোভিড-১৯ ভ্যাকসিন ১ম ডোজ ও ২৮ দিন পর ২য় ডোজ প্রদান করা হবে। রেজিষ্ট্রেশন ব্যতিত কোন ব্যক্তিকে কোভিড ভ্যাকসিন প্রদান করা যাবে না। সরকারী নির্দেশনা মোতাবেক এখন থেকে কোভিড টিকা গ্রহনের ক্ষেত্রে কেন্দ্র পরিবর্তনের কোন সুযোগ নাই। বিদেশগামীদের কে স্ব-স্ব পার্সপোর্ট নং দিয়ে সুরক্ষা অ্যাপসে নিবন্ধন করতে হবে। বিদেশগামীদের কে তাদের এজেন্সির মধ্যমে পার্সপোর্ট নং দিয়ে রেজিষ্ট্রেশন করতে হবে। এখানে উল্লেখ্য সৌদী,ইরান ও অন্যান্য দেশের ক্ষেত্রে একই টিকা প্রযোজ্য নহে। এজন্য রেজিষ্টেশনের সময় এই বিষয়লো নিশ্চিৎ হয়ে নিবন্ধন করতে হবে। | আবাসিক মেডিকেল অফিসার ও সকল স্বাস্থ্য কর্মী অত্র স্বাস্থ্য কমপ্লেক্স |
| স্বাস্থ্য কমপ্লেক্স সক্ষনাবেক্ষণ পরিস্কার-পরিচ্ছন্ন রক্ষা করন | স্বাস্থ্য কমপ্লেক্স পরিস্কার-পরিচ্ছন্ন বজায় রাখা বিষয়ে ইউএইচএফপিও সভাপতি মহোদয়ের বিশেষ দৃষ্টি আকর্ষন পূর্বক বলেন- কমপ্লেক্সের ক্যাম্পাসে বিভিন্ন জাতীয় ফুলের গাছ ও বাগানে রঙ্গিন লাইট স্থাপন করা হয়েছে যা হাসপাতালের পরিবেশ কে আরও মনোরম করছে। সভাপতি মহোদয় জনাব জি এম স্পর্শ, স্বাস্থ্য কমপ্লেক্সের পরিস্কার-পরিচ্ছন্নতা, জীবানু মুক্ত রাখা ও সৌন্দয্য বর্ধনে রঙ্গিন লাইট স্থাপনে সন্তোষ প্রকাশ করেন এবং কর্মরত সকলকে আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন, রোগ নিয়ন্ত্রনের জন্য পরিস্কার-পরিচ্ছন্নতা একান্ত প্রয়োজন। স্বাস্থ্য কমপ্লেক্স সহ সকল স্বাস্থ্য কেন্দ্র পরিস্কার-পরিচ্ছন্নতা, চিকিৎসার সুন্দর পরিবেশ তৈরী ভবিষ্যতে ও যেন অব্যহত থাকে সে বিষয়ে উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করেন। অন্তঃবিভাগ, জরুরী বিভাগ ও বহিঃবিভাগ প্রতিদিন জিবানু নাশক দিয়ে পরিস্কার করা হচ্ছে। স্বাস্থ্য কপ্লেক্সে চলমান কার্যক্রম অব্যহত রাখার জন্য সকলের সহযোগীতা কামনা করেন। | আরএমও, এসআই, এইচ আই ও ফার্মাসিষ্ট |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

22/6/22

জি এম স্পর্শ, মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, দেবহাটা, সাতক্ষীরা।
সভাপতি
স্থায়ী স্বাস্থ্য ব্যবস্থাপনা কমিটি
দেবহাটা, সাতক্ষীরা।

স্মরক নং-উস্বাক/দেব/সাত/শা:পরি-২/২০২১/৫৩৭(১০) তারিখঃ- ২২/৬/২১

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইলঃ-

১। অতিরিক্ত সচিব(হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২। দৃঃআঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।
৩। পরিচালক, হাসপাতাল ও ক্লিনিক সমূহ, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা-১২১২।
৪। পরিচালক(স্বাস্থ্য), খুলনা বিভাগ,খুলনা।
৫। সিভিল সার্জন, সাতক্ষীরা।
৬। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,দেবহাটা, সাতক্ষীরা।
৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, দেবহাটা থানা, দেবহাটা, সাতক্ষীরা।
৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা।
১০। চেয়ারম্যন, ইউনিয়ন পরিষদ (সকল),দেবহাটা,সাতক্ষীরা।

22/6/22

(ডাঃ মোঃ আব্দুল লতিফ)
উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা
দেবহাটা, সাতক্ষীরা।

22/6/22